**AKASHVANI KOLKATA**
**RNU: KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 07-08-2026** **Time: 1.30 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবর -</u>

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, তাঁত শিল্প কেবল মাত্র জীবিকার উতসই নয় , এটি অন্তরভুক্তিমূলক উন্নয়নের মাধ্যম। তিনি আজ রাষ্ট্রপতি ভবনে দ্বাদশ জাতীয় তাঁত দিবস উদযাপনে অংশ নেন।

২) নিট সংক্রান্ত বিষয়ে বিরোধীদের হই হট্টগোলের জেরে লোকসভা ও রাজ্যসভা আগামী সোমবার পর্যন্ত মুলতুবি ঘোষণা করা হয়েছে।

৩) সীমান্ত সংক্রান্ত বিতর্ক অবসানে ভারত ও চীন এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়।

৬) ভারতীয় আবহাওয়া দপ্তর-আইএমডি, মধ্যপ্রদেশ, রাজস্থান, কেরলাম, মাহে, ওড়িশা এবং কর্ণাটকের উপকূল এলাকায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

৪)মার্কিন যুক্তরাষ্ট্রের ইউজিনে বিশ্ব অ্যাথলেটিকস অনুর্ধ্ব ২০ চ্যাম্পিয়ানশিপে আজ ভারতের মহম্মদ আশফাক জাতীয় রেকর্ড ভেঙেছেন। তিনি পুরুষদের ৪০০ মিটারে সেমিফাইনালে ওঠার যোগ্যতা অর্জন করেছেন।

৫) ব্যাডমিন্টনে কোরিয়া মাস্টার্সে মহিলাদের সিঙ্গলসের সেমিফাইনালে উঠেছেন ভারতের অস্মিতা চালিহা।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, তাঁত শিল্প কেবলমাত্র জীবিকার উৎসই নয়। এটি অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের মাধ্যম। নতুন দিল্লীতে আজ দ্বাদশ জাতীয় তাঁত দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, হাজার হাজার বছর ধরে এই তাঁত শিল্প ভারতের ঐতিহ্যের সঙ্গে জড়িয়ে রয়েছে। ভারতের কর্ম সংস্থান, মহিলাদের ক্ষমতায়ন এবং শিল্প ও সংস্কৃতি প্রসারে তাঁত শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে আসছে। তিনি বলেন, ভারতের তাঁত শিল্পে ৩৫ লক্ষেরও বেশি মানুষ যুক্ত। এদের মধ্যে ২৫ লক্ষ হলেন মহিলা।

বাইট

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে বিপুল উৎসাহ এবং উদ্দীপনার সঙ্গে জাতীয় তাঁত দিবস পালন করার আহ্বান জানিয়েছেন। এক ভিডিও বার্তায় শ্রী মোদী বলেন, আত্মনির্ভর ভারত গড়ে তুলতে স্বল্প আয়ের ও পিছিয়ে পড়া তাঁতী পরিবারগুলিকে অর্থনৈতিকভাবে শক্তিশালী করা অত্যন্ত প্রয়োজন।

প্রধানমন্ত্রী দেশবাসীর কাছে অন্তত একটি করে তাঁত সামগ্রী কেনার এবং সেটির ভিডিও বানিয়ে দেশ ও বিদেশের মানুষের সামনে তুলে ধরারও আহ্বান জানান।

---------------------

নিট সংক্রান্ত বিষয়ে বিরোধীদের হৈ হট্টগোলের জেরে লোকসভা ও রাজ্যসভা আগামী সোমাবর পর্যন্ত মুলতুবি ঘোষণা করা হয়েছে।

নিট সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের বিক্ষোভের সময় পুলিশের কথিত পদক্ষেপ সহ বেশ কয়েকটি বিষয় নিয়ে বিরোধীদের হৈ হট্টগোলের জেরে লোকসভার অধিবেশন প্রথমে দুপুর ১২টা পর্যন্ত মুলতবি করা হয়।

সকাল ১১টায় অধিবেশন শুরু হলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা 'ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণকারী, স্বাধীনতা সংগ্রামী ও শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন ৯ই আগস্ট 'ভারত ছাড়ো আন্দোলন'-এর ৮৪তম বার্ষিকী। মহাত্মা গান্ধীর ঐতিহাসিক 'করেঙ্গে ইয়া মরেঙ্গে' আহ্বানের কথা স্মরণ করেন তিনি।

শ্রী বিড়লা বলেন, এই আন্দোলন গণতন্ত্র, স্বাধীনতা, জাতীয় ঐক্যকে শক্তিশালী করেছিল।

এরপর শ্রী বিড়লা ' প্রশ্নত্তোর পর্ব শুরু করার উদ্যোগ নিলে বিরোধীরা শিক্ষার্থীদের বিক্ষোভের সময় পুলিশের পদক্ষেপের বিষয়টি উল্লেখ করেন। তারা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিবৃতি দাবি করেন।

হৈ হট্টগোল অব্যাহত থাকায় লোকসভার অধিবেশন আগামী সোমবার পর্যন্ত মুলতবি করা হয়েছে।

এদিকে এই একই বিষয় নিয়ে বিরোধীদের তুমুল বিক্ষোভের জেরে দুপুর ১২টা পর্জন্ত অধিবেশন স্থগিত করা হয়েছিল । সকাল ১১টায় রাজ্যসভার অধিবেশন শুরু হলে , চেয়ারম্যন সি পি রাধাক্রিশ্নন ভারত ছাড় আন্দোলনের কাঠআ উল্লেখ করেন । তিনি বলেন দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এটি এক অত্যন্ত গুরুত্বপুর্ন মাইলফলক ।

বাইট

পরে আগামী সোমবার পর্যন্ত রাজ্যসভার অধিবেশন সকাল ১১ টা পর্যন্ত রাজ্য সভা স্থগিত করা হয়েছে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনলজি আই আই টি দিল্লির ৫৭-তম সমাবর্তনে ভাষণ দেবেন। এবারের সমাবর্তনে ৩ হাজারেরও বেশি শিক্ষার্থীর উদ্দেশ্যে তিনি বক্তব্য রাখবেন । এদের মধ্যে ৫৮৭ জন PHD গবেষক। এছাড়াও প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের প্রেসিডেন্টস্ গোল্ড মেডেল, ডিরেক্টরস্ গোল্ড মেডেল, শঙ্করদয়াল শর্মা গোল্ড মেডেল এবং পার্ফেন্ট টেন গোল্ড মেডেলে সম্মানিত করবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী পরম প্রজ্ঞার সূচনা করবেন। পরম প্রজ্ঞা হলো, আই আই টি দিল্লির সোনিপথ ক্যাম্পাসে A I – অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন সুপার কম্পিউটার।

--------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষে তার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রীশাহ বলেন, রবীন্দ্রনাথ তাঁর লেখনীর মাধ্যমে ভারতের আত্মার কণ্ঠস্বর হয়ে উঠেছিলেন। স্বাধীনতা আন্দোলনে এক নতুন চেতনার সৃষ্টি করেছিলেন। তিনি বলেন, রবীন্দ্রনাথের অমর সৃষ্টি 'জন গণ মন' ঐক্যবদ্ধ ভারতের প্রতীক। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে কবিগুরু ভারতীয় সংস্কৃতি, দর্শন ও শিক্ষা বিশ্বমঞ্চে প্রতিষ্ঠিত করেন।

--------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শিখ ধর্মের অষ্টম গুরু শ্রী গুরু হরকিষাণ সাহিবের 'প্রকাশ পর্ব' উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন,'বালা প্রীতম' নামে পরিচিত এই শিখগুরু জ্ঞান ও সেবায় সমাজকে সম্প্রীতির পথ দেখিয়েছিলেন। নিঃস্বার্থ সেবার মাধ্যমে তিনি বলেছিলেন মানব সেবা-ই হল শ্রেষ্ঠ ধর্ম। সমাজ কল্যাণের পথ দেখাতে তাঁর অবদান গোটা দেশবাসীকে অনুপ্রাণিত করবে বলে স্বরাষ্ট্রমন্ত্রী মন্তব্য করেন।

---------------------

সীমান্ত সংক্রান্ত বিতর্ক অবসানে ভারত ও চীন এক গুরুত্বপূর্ণ ৩৬ তম বৈঠকে মিলিত হয়। বিদেশ মন্ত্রক থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, উভয় পক্ষই প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর পরিস্থিতি বিশ্লেষণ করতে খোলামেলা আলোচনা করে। দু-টি দেশই সীমান্ত নির্ধারণ ব্যবস্থাপনা এবং কার্য পদ্ধতি বিষয়ে বিস্তারিত আলোচনা করে। উভয় পক্ষই দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়নে সীমান্ত অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতার ওপর জোর দেয়। এবারের গুরুত্বপূর্ণ বৈঠকে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেন পূর্ব এশীয়া বিষয়ক বিদেশমন্ত্রকের যুগ্ম সচিব সুজিত ঘোষ।

অন্যদিকে, চীনা প্রতিনিধি দলে নেতৃত্ব দেন হাউ ইয়াংকি ।

---------------------

হিমাচলপ্রদেশের ধর্মশালায় তিব্বতিয়ান ইয়ুথ কংগ্রেস(TYC)-র চীনের জাতিগত ঐক্য আইন প্রয়োগের বিরুদ্ধে তাদের ধারাবাহিক অনশন আজ বিশতম দিনে পড়েছে। তাদের এই ধারাবাহিক অনশনের মূল লক্ষ্যই হলো চীনের আইনের বিরোধিতা করা। কারণ তারা মনে করে এরফলে সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার লঙ্ঘিত হবে।

এদিকে, এই আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে নির্বাসিত তিব্বতী সংসদের তিনজন সদস্য ধর্মশালায় এই অনশন কর্মসূচীতে যোগ দেয়। সংবাদ মাধ্যমের সঙ্গে মত বিনিময়ের সময় TYC-র সাধারণ সম্পাদক তেঞ্জিন লবসং – এই বিষয়টি রাষ্ট্রসংঘে জানাবেন বলে জানিয়েছেন।

---------------------

ব্যাডমিন্টনে, কোরিয়া মাস্টার্সে মহিলা সিঙ্গলসের সেমিফাইনালে উঠেছেন ভারতের অস্মিতা চালিহা। আসানে কোয়ার্টার ফাইনালে তিনি জাপানের শীর্ষ বাছাই হিনা আকেচিকে ২০-২২, ২১-১৫, ২১-১৯ ব্যবধানে হারান। এর আগে, দক্ষিণ কোরিয়ার কিম মিন জিকে পরাজিত করে শেষ আটে জায়গা করে নিয়েছিলেন তিনি।

এদিকে, পুরুষ ডাবলসের কোয়ার্টার ফাইনালে ভারতের পৃথ্বী কৃষ্ণমূর্তি রায় ও কৃষ্ণ প্রসাদ গারাগা জুটি সেমিফাইনালে ওঠার লড়াইয়ে মুখোমুখি হবে মালয়েশিয়ার ম্যান ওয়েই চং ও সোহ উই ইক জুটির।

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্রের ইউজিনে বিশ্ব অ্যাথলেটিকস অনুর্ধ্ব ২০ চ্যাম্পিয়ানশিপে আজ ভারতের মহম্মদ আশফাক জাতীয় রেকর্ড ভেঙেছেন। তিনি পুরুষদের ৪০০ মিটারে সেমিফাইনালে ওঠার যোগ্যতা অর্জন করেছেন। ১৯ বছরের আশফাক প্রথম রাউন্ডে ৫ নম্বর হিটে এই কৃতিত্ব দেখান। তিনি সময় নেন ৪৫ দশমিক ৮/১ সেকেন্ড।

অন্যদিকে, পুরুষদের হাই জাম্পে ভারতের বসন্ত ২ দশমিক ১/৪ মিটার লাফিয়ে ফাইনালে ওঠার যোগ্যতা অর্জন করেছেন।

এছাড়াও ভারতের আমানত কাম্বোজ মহিলাদের ডিসকাস থ্রোয়ের ফাইনালে ষষ্ঠ স্থান পেয়েছেন।

--------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর, আজ একাধিক রাজ্যে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। মধ্যপ্রদেশ, রাজস্থান, কেরল, মাহে, ওড়িশা এবং কর্ণাটকের উপকূল এলাকায় বজ্র - বিদ্যুৎ ও দমকা হাওয়ার সঙ্গে ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আইএমডি।

এছাড়া আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, ঝাড়খণ্ড, লাক্ষাদ্বীপ, পশ্চিমবঙ্গ, মধ্য মহারাষ্ট্র, তামিলনাড়ু, পুদুচেরি, কারাইকাল এবং উত্তরাখণ্ডে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। একই ধরনের পূর্বাভাস রয়েছে উত্তর-পূর্ব ভারতের আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরাতেও।

আইএমডি জানিয়েছে, অরুণাচল প্রদেশ, বিহার, ছত্তিশগড়, পূর্ব উত্তরপ্রদেশ, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, হরিয়ানা এবং চণ্ডীগড়ে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পাশাপাশি, দিল্লি, হিমাচল প্রদেশ এবং পশ্চিম মধ্যপ্রদেশেও ভারী বৃষ্টি হতে পারে।

-------------------- --------------------